

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।


স্মারক : ৩২.০২.০০০০.০০৫.২০.০০১.২৪. ৬৮৪

তারিখ: ০৩/০৪/২০২৪ খ্রি.

বিষয়: জাতীয় মহিলা সংস্থার কম্পিউটার প্রশিক্ষণ কার্যক্রমের কম্পিউটার প্রশিক্ষক হিসাবে রিসোর্স পারসনদের সম্মানী ভাতার বাজেট প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন জাতীয় মহিলা সংস্থা এর ৬৪ জেলা কার্যালয়ে পরিচালিত ০২ টি ট্রেড (ক) কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন” (খ) “গ্রাফিক্স ডিজাইন এন্ড মাল্টিমিডিয়া প্রোগ্রামিং” প্রশিক্ষণ কার্যক্রমের কম্পিউটার প্রশিক্ষক হিসাবে রিসোর্স পারসনদের জানুয়ারি/২০২৪ থেকে ফেব্রুয়ারি/২০২৪ মাস পর্যন্ত মোট ০২ মাসের সম্মানী ভাতার বাজেট “জাতীয় মহিলা সংস্থা কম্পিউটার প্রশিক্ষণ ফান্ড” সঞ্চয়ি ব্যাংক হিসাব নং- ০২০০০২০৬৭৯৫৫৬ থেকে প্রতি জেলায় মোট (২০০০/- × ০২ টি ট্রেডে ০২ জন × ৪২ দিন) = ১,৬৮,০০০/- টাকা করে, ৬৪ জেলায় সর্বমোট (১,৬৮,০০০/- × ৬৪) = ১,০৭,৫২,০০০/- টাকার বাজেট অনলাইনে স্থানান্তর/পে-অর্ডার করে প্রেরণ করা হয়েছে।

২। এমতাবস্থায়, জাতীয় মহিলা সংস্থার ৬৪ টি জেলা কার্যালয়ের মাধ্যমে পরিচালিত কম্পিউটার প্রশিক্ষণ কার্যক্রমের প্রশিক্ষকদের (রিসোর্স পারসন) সম্মানী ভাতার বিল দৈনিক ক্লাস নেওয়ার হাজিরার ভিত্তিতে প্রদান করতে হবে। উল্লেখ্য যে, প্রশিক্ষক পূলে নাম থাকলেও যদি ক্লাস না নেন তবে তাকে সম্মানী প্রদান করা যাবে না। সম্মানী ভাতার বিল থেকে বিধি অনুযায়ী ১০% উৎসে আয়কর কর্তন করে জমার চালানসহ বিল ভাউচার এর ফটোকপি প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(সৈয়দা মেহেরুন/নেছা কবীর)
পরিচালক (উপ-সচিব)
জাতীয় মহিলা সংস্থা
ফোন-৯৩৩৩৮৩৩।

সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ:

- ১। চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, সকল জেলা শাখা।
- ২। নির্বাহী অফিসার/জেলা নির্বাহী অফিসার, জাতীয় মহিলা সংস্থা, সংশ্লিষ্ট জেলা শাখা।
- ৩। জেলা কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা, সকল জেলা শাখা।

অনুলিপি :

- ১। হিসাব রক্ষণ কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা।
- ২। প্রশাসনিক কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা।
- ৩। পি এ টু চেয়ারম্যান ও নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, প্রধান কার্যালয়।
- ৪। জনাব আনন্দ তঞ্চঙ্গ্যা, জেলা কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। অফিস কপি।